দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 01 AUG 1989
পৃষ্ঠা 1 কলাম 4

027

# প্রতি বিষয়ে ৩টি পাঠ্য পুস্তকের প্রতিবাদে স্কুল ছাত্র সমাবেশ

ষষ্ঠ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত প্রতি বিষয়ে তিনটি করে পাঠ্য পুস্তক প্রণয়নের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে ছাত্র সংগ্রাম পরিষদের আহবানে জাতীয় প্রেস

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

DHAKA: TUESDAY August 1, 1989



সোমবার জাতীয় প্রেসক্লাবের সামনে ঢাকার বিভিন্ন স্কুলের ছাত্র ছাত্রীদের বিক্ষোভ সমাবেশ —দৈনিক বাংলা

## প্রতি বিষয়ে

(প্রথম পৃঃ পর)

ক্লাবের সামনে গতকাল স্কুল ছাত্রদের এক জমায়েত হয়।

নগর ছাত্র সংগ্রাম পরিষদের নেতা সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের জহিরুল ইসলাম এতে সভাপতিত্ব করেন।

জমায়েতে ছাত্র নেতৃবৃন্দ ২রা আগস্ট ছাত্র সংগ্রাম পরিষদ আহূত স্কুল ছাত্র ধর্মঘট সফল করার আহবান জানিয়ে বলেন টেক্সট বুক বোর্ডের বই প্রকাশের দায়িত্ব ব্যক্তি মালিকানাধীন প্রকাশনা সংস্থার হাতে অর্পণের ফলে পাঠ্যবইয়ের দাম বহু গুণ বৃদ্ধি পাবে এবং ছাত্র সমাজ মুনাফাখোর পুস্তক ব্যবসায়ীদের শিকারে পরিণত হবে। খবর প্রেস বিজ্ঞপ্তির।